

ভোক্তার কাগজ

তারিখ
পৃষ্ঠা

মৃত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

বাংলাদেশ সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার মৃত ও অবসরপ্রাপ্ত সতল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের ২০০১-২০০২ সালের শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। বাংলাদেশ সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা কল্যাণ তহবিলের বোর্ড অব ট্রাস্টিজের নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত করার জন্য আগ্রহীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

১। নবম শ্রেণী থেকে তদুর্ধ্ব শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রদের জন্য প্রতি অর্থ বছরের ৩০ এপ্রিলের মধ্যে আবেদন করতে হবে। মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের বয়স ৬৭ বছর পূর্ণ হওয়া পর্যন্ত এই আবেদন করা যাবে। প্রত্যেকের সর্বোচ্চ দুই সন্তান এতে আবেদন করতে পারবে।

ঢাকার সেগুনবাগিচায় প্রথম ১২তলা সরকারি অফিস ভবনের কল্যাণ তহবিলের বোর্ড অব ট্রাস্টিজের কার্যালয়ে বিস্তারিত তথ্য জানার জন্য অনুরোধ করা হয়েছে। তথ্য বিবেকী।